প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন এবং আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০১৫.১৮.৬৮ তারিখ ঃ ১৮-০৪-২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভুক্ত ২য় ও ৪র্থ পর্ব সমাপনী এবং ৩য় পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষা-২০১৮ আগামী ২৪ মে ২০১৮ রোজ বৃহস্পতিবার হতে নির্ধারিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি এবং নির্ধারিত কেন্দ্র তালিকা যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

১। **পরীক্ষার তথ্যাদি ঃ**

ক. প্রতিষ্ঠান মূল্যায়ন ঃ
ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত **২০১৬** প্রবিধানভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ২য় পর্বের বিষয়সমূহের পরীক্ষা লিথুবিহীন উত্তরপত্রে অনুষ্ঠিত হবে এবং উত্তরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে।

খ. বোর্ড মূল্যায়নঃ

(১) ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত **২০১৬** প্রবিধানভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ৩য় পর্বের বিষয়সমূহের পরীক্ষা লিথুযুক্ত উত্তরপত্রে দিতে হবে এবং বোর্ডে প্রেরণ করতে হবে।

(২) ৪র্থ পর্ব ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট প্রবিধানের অনুচ্ছেদ ৪.২২ মোতাবেক সম্পন্ন করতে হবে।

(৩) প্রবিধানের অনুচ্ছেদ নং ৪.১৩.৪ মোতাবেক ৩য় পর্বের বিষয়সমূহের পরীক্ষায় চার বা ততোধিক তাত্ত্বিক/ব্যবহারিক সমাপনী অংশে অকৃতকার্য হলে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে। এরূপ শিক্ষার্থী ৪র্থ পর্বে অধ্যয়নের অনুমতি বাতিল বলে গণ্য হবে।

(৪) প্রবিধানের অনুচ্ছেদ নং ৪.১৪.১ মোতাবেক ৩য় পর্বের বিষয়সমূহের পরীক্ষায় তাত্ত্বিক/ব্যবহারিক অংশে অনধিক তিন বিষয়ে অকৃতকার্য হলেও ৪র্থ পর্বে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট-এ অংশ গ্রহণের সুযোগ পাবে এবং ৪র্থ পর্বের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট -এর পরীক্ষার সাথে উক্ত অনুত্তীর্ণ বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট -এ উত্তীর্ণ হলেও ৩য় পর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ না হওয়া পর্যমত্ম ৪র্থ পর্বের চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে না।**

(৫) **উত্তরপত্রের লিথোর উপরের অংশের (Top Part) বৃত্ত ভরাটের ক্ষেত্রে করণীয়ঃ**
বোর্ড হতে সরবরাহকৃত লিথুযুক্ত নতুন উত্তরপত্রে [নমুনা কপি সংযুক্ত] ১০(দশ) ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর এবং ৫(পাঁচ) ডিজিটের বিষয় কোডের বৃত্ত ভরাটের ক্ষেত্রে নিমেণাক্ত নিয়ামবলী অনুসরণ করতে হবে-

(৫.১) ৩য় পর্বের পরিপূরক বিষয়ের পরীক্ষা অবশ্যই নতুন সরবরাহকৃত লিথুযুক্ত উত্তরপত্রে গ্রহণ করতে হবে।

(৫.২) নতুন সরবরাহকৃত লিথুযুক্ত উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ১০(দশ) ডিজিট এবং বিষয় কোড ৫(পাঁচ) ডিজিট থাকায় বৃত্ত ভরাটের ক্ষেত্রে শিক্ষার্থীরা ডান দিক থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো (যদি থাকে) শূন্য '০' দিয়ে ভরাট করবে।

(৫.৩) এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষা শুরুর পূর্বেই বিভাগীয় প্রধান ও শ্রেণী শিক্ষকের মাধ্যমে পরীক্ষার্থীদেরকে প্রশিক্ষণ দিবেন।

২। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলীঃ

২.১ নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডের Website এর মাধ্যমে সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে। বিজ্ঞপ্তির ৪.৯ অনুচ্ছেদে বর্ণিত Online এন্ট্রির নির্ধারিত সময়সীমার পরে Final List প্রিন্ট করে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না।

২.২ পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত Final List এর প্রিন্ট-আউট কপিই(নির্ধারিত ফি প্রদানসহ) পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। ফরম পূরণের প্রিনট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৪.৮ অনুযায়ী) এবং Online-এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List জমা দিতে হবে।

২.৩ বোর্ডে প্রেরিত Final List প্রিন্ট আউট এর কপিসহ ফরম ফিলাপ সংক্রামন্ত সকল ডকুমেন্টের ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় উক্ত ডুকমেন্টের ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

২.৪ Total Question Count List অত্র বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

৩। **পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপঃ**

(ক) ২য় পর্ব পরীক্ষার্থীদের জন্যঃ

১	পরীক্ষার ফি	২২৫.০০
২	কেন্দ্র ফি	৪৫০.০০ (প্রতিষ্ঠান ২২৫.০০ + কেন্দ্র ২২৫.০০)
৩	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪	নম্বরপত্র ফি	৫০.০০
৫	প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি	২০.০০

(খ) ৪র্থ পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ৩য় পর্বে কোন অকৃতকার্য বিষয় নাই) ঃ

১	পরীক্ষার ফি	৪০০.০০
২	কেন্দ্র ফি	৪৫০.০০
৩	নম্বরপত্র ফি	৭৫.০০
৪	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি	৫০০.০০
৫	* সনদপত্র ফি	১০০.০০
৬	প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি	২০.০০

(গ) ৪র্থ পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ৩য় পর্বে অনধিক তিনটি অকৃতকার্য বিষয় আছে) ঃ

১	পরীক্ষার ফি	৪০০.০০
২	**৩য়** পর্বের অকৃতকার্য বিষয়ের ফি	**৩য়** পর্বের বিষয় × ১০০.০০
৩	কেন্দ্র ফি	৪র্থ পর্বের জন্য - ৪৫০.০০ **৩য়** পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য - ২০০.০০
৪	নম্বরপত্র ফি	৭৫.০০ × ০২ = ১৫০
৫	৩য় পর্বের ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৬	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি	৫০০.০০
৭	* সনদপত্র ফি	১০০.০০
৮	প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি	২০.০০

* ৪র্থ পর্ব পর্যন্ত উত্তীর্ণ শিক্ষার্থীরা "Certificate in Tourism & Hospitality" সনদ পবে।

৪। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট-আউট কপি/এন্ট্রিফরম প্রেরণের নিয়মাবলীঃ**

৪.১ পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপি/এন্ট্রিফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৪.২ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট এন্ট্রিফরম/প্রিন্ট আউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরমপূরণ সরাসরি বাতিল করা হবে ।

৪.৩ কেন্দ্র ফি হিসাবে আদায়কৃত অর্থ নিয়মানুযায়ী পরীক্ষা সমাপ্তির পর পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সম্মানী/ পারিশ্রমিক পরিশোধের ব্যবস্থা করতে হবে ।

৪.৪ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে।

৪.৫ প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ফি ৫০০/- টাকা এর ৩০% = ১৫০/- টাকার মধ্যে ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০/- টাকা এবং অন্যান্য সকল ফি-সমূহ (কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি বাদে) একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে সোনালী ব্যাংক/ সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা

বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা / সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে। ব্যাংক ড্রাফ্ট এর সাথে Online -এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List, Total Student List এবং Total Question List অবশ্যই জমা দিতে হবে।

৪.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে ।

৪.৭ পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপির নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই সীলসহ স্বাক্ষর করবেন।

৪.৮ নিম্নে বর্ণিত ছক অনুযায়ী পরীক্ষার্থীদের একটি তালিকা ফরোয়ার্ডিংসহ প্রেরণ করতে হবে।

পরীক্ষার্থীদের নাম	রোল নম্বর ও শিফট	রেজিঃ নম্বর ও সেশন	বিষয় সমূহের নাম/কোড	পরীক্ষার ফি	অকৃতকার্য বিষয়ের ফি	নম্বরপত্র ফি	সনদপত্র ফি	প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি	ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ফি	বিলম্ব ফি	মোট ফি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

৪.৯ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী ফরম পুরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

Online -এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	৩০০/- টাকা বিলমব ফি সহ (প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ করার সময়সীমা ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট আউট কপি জমা / গ্রহণের তারিখ	নির্ধারিত তারিখের (২৬-০৪-১৮ তারিখ) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ৩০-০৪-১৮ তারিখ পর্যন্ত। প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট আর গ্রহণ করা হবে না।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ	প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন সংশিস্নষ্ট শাখায় জমা	সংশোধিত প্রবেশপত্র গ্রহণের তারিখ
১৯-০৪-১৮ হতে ২৪-০৪-১৮	২৩-০৪-১৮	২৪-০৪-১৮	২৬-০৪-১৮ (সকল প্রতিষ্ঠান)		০৮-০৫-১৮ রংপুর বিভাগ ০৯-০৫-১৮ রাজশাহী বিভাগ ১০-০৫-১৮ খুলনা বিভাগ ১৩-০৫-১৮ চট্টগ্রাম বিভাগ ১৪-০৫-১৮ বরিশাল ও সিলেট বিভাগ ১৬-০৫-১৮ ঢাকা জেলা	০৮-০৫-১৮ হতে ১৭-০৫-১৮	১৭-০৫-১৮ হতে ২১-০৫-১৮ তারিখ পর্যন্ত

৪.১০ পরীক্ষার প্রিন্ট-আউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তার (রেজিস্ট্রার বা সমপর্যায়ের) মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৪.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৫। অন্যান্য শর্তাবলীঃ

৫.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসমূহের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রিন্ট-আউট কপিসমূহ ও ৪.৮ অনুচ্ছেদে বর্ণিত তালিকা মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে নির্ধারিত অনুচ্ছেদ ৪.৯ -এ বর্নিত তারিখ অনুযায়ী অত্র অফিসে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।

৫.২ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি বোর্ডে জমা/গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়মবনা হতে পরিত্রানের লক্ষ্যে প্রিন্ট-আউট কপি ও অনুচ্ছেদ ৩ মোতাবেক ফি বাবদ আদায়কৃত অর্থ নির্ধারিত অনুচ্ছেদ ৪.৯ -এ বর্ণিত তারিখ অনুযায়ী প্রেরণ করতে হবে।

৫.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক প্রিন্ট-আউট পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করতে হবে।

৫.৪ ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের নিয়মতি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রেরণ করতে হবে।

৫.৫ ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

৫.৬ ফরমপূরণকৃত সকল শিক্ষার্থীর হাজিরাসীটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষা শেষে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরসহ বাহক মারফত নির্দিষ্ট সময়ের মধ্যে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।

৫.৭ ফরম ফিলাপ এর ডিডি জমা দেয়ার সময় গত পর্বের পরীক্ষায় ট্রেজারীতে প্রেরিত প্রশ্নপত্রের ট্র্যাংক বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলায়) জমা দিতে হবে।

৫.৮ **পরীক্ষার প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রামন্ত প্রয়োজনীয় কাগজপত্র (উত্তরপত্র ও অন্যান্য মালামাল) গ্রহণের সময় পূর্ববর্তী পরীক্ষায় দৈনন্দিন উত্তরপত্র ব্যবহারের বিবরণীর কপিসহ বোর্ড নির্ধারিত ফরমে চাহিদাপত্র জমা দিতে হবে। অন্যথায় এ পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।**

৫.৯ **পরীক্ষায় প্রতিদিনের ব্যবহৃত উত্তরপত্রের হিসাব লিপিবদ্ধ করার জন্য একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। বোর্ড হতে গ্রহণকৃত ও ব্যবহৃত/অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে রেজিস্টার মোতাবেক উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে।**

৫.১০ প্রবিধান অনুসারে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের নম্বর (PC ও PF) অধিকতর সতর্কতার সহিত (বিশেষ করে পাশ নম্বর, সর্বোচ্চ নম্বর ও ফেল নম্বর, অনুপস্থিত ইত্যাদি বিবেচনা করে) Online -এ পরীক্ষার সময়সূচিতে উল্লেখিত নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে সঠিকভাবে প্রেরণ করতে হবে।

বিঃদ্রঃ ফরম পূরণের সময় Online এ ৪.৯ অনুচ্ছেদে বর্ণিত তারিখ অনুয়ায়ী নির্দিষ্ট সময়ে পূরণ করতে হবে। Online ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন (১) ০১৮৭৬৩৯৭১৩৮, (২) ০১৫৫০৬২০৬০৪, (৩) ০২-৯১৪৪২১৫, (৪) ০২-৯১১৮৭৭৬ এবং (৫) ০২-৯১১৩২৮৩।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০১৫.১৮.৬৮(১৪) তারিখঃ ১৮-০৪-২০১৮ খ্রিঃ

অনুলিপি সময় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, পঞ্চগড়/বগুড়া/সাতক্ষীরা/বরিশাল/ঢাকা/মৌলভীবাজার/কক্সবাজার জেলা।
৫. অধ্যক্ষ, বগুড়া/সাতক্ষীরা/বরিশাল/ঢাকা মহিলা/কক্সবাজার পলিটেকনিক ইন্সটিটিউট।
৬. অধ্যক্ষ, পঞ্চগড়/মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিষ্ট (অতিঃ দাঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ এবং নির্ধারিত সময়ে অনলাইন কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬